


# থ্রিডি স্টুডিও ম্যাক্সে কাপ-পিরিচ তৈরী

থ্রিডি মডেলিংয়ের জন্য একটি জনপ্রিয় সফটওয়্যার থ্রিডি স্টুডিও ম্যাক্স। আপনি খুব সহজেই যেকোন অবজেক্টের থ্রিডি মডেল তৈরী করতে পারেন এই সফটওয়্যারটি ব্যবহার করে। এই টিউটোরিয়ালে ম্যাক্সের কিছু টেকনিক ব্যবহার করে আমরা একসেট কাপ-পিরিচ এবং এগ হোল্ডার ও ডিম তৈরী করব।

ম্যাক্স ওপেন করে একটি নিউ সিন নিন। আমরা প্রথমে দুইটি পিরিচ তৈরী করব। এজন্য ম্যাক্স উইন্ডোর ডানপার্শ্বের কমান্ড প্যানেল থেকে লাইন টুলটি নিন (লাইন টুলটি কমান্ড প্যানেলের ক্রিয়েট ম্যানুর শেপস ট্যাবে পাবেন)।

০১. এবার ফ্রন্ট পোর্টে যান। মিন/ম্যাক্স ট্যগল ব্যবহার করে ফ্রন্ট পোর্টটি বড় করুন। পিরিচ এবং কাপ তৈরীর জন্য আমরা লেদ মডিফ্যায়ারটি ব্যবহার করব। যেকোন রাউন্ড শেপের অবজেক্ট ক্রিয়েট করার জন্য এই মডিফ্যায়ারটি খুবই কার্যকর।

০২. এবার লাইন টুলটি নিয়ে প্রিচের একটি অংশের শেপ ড্র করুন । শেপটি মডিফ্যাই করার জন্য ভার্টেক্স সিলেক্ট করে ব্যাজার ব্যবহার করুন।

০৩. শেপটি আকাঁর পর মডিফ্যাই মেন্যু থেকে লেদ মডিফ্যায়ারটি ব্যবহার করুন। লেদ প্যারামিটার্স থেকে সেগমেন্ট ৩৮ দিন এবং মিন ট্যাবে ক্লিক করুন। পিরিচটিকে আরো স্মুথ করার জন্য স্মুথ মডিফ্যায়্যারটি ব্যবহার করুন।

০৪. একইভাবে শেপ ক্রিয়েট করে আরেকটি ছোট পিরিচ তৈরী করুন (ধাপ: ০২, ০৩) ।

০৫. একইভাবে প্রথমে শেপ ক্রিয়েট করে এবং লেদ মডিফ্যায়ার ব্যবহার করে দুইটি কাপ তৈরী করুন। এখানে একটি হবে টি-কাপ এবং অপরটি এগহোল্ডার। প্রথম পিরিচটিতে আমরা টি-কাপটি রাখব এবং দ্বিতীয় পিরিচটিতে এগহোল্ডার থাকবে (যেটি বড় পিরিচ)।

০৬. এবার একটি সিলেন্ডার নিয়ে টি-কাপের একটি হাতল তৈরী করুন। হাতল তৈরীর জন্য স্পেয়ারটিকে বাকাঁতে বেন্ড মডিফ্যায়ারটি ব্যবহার করুন। এক্ষেত্রে সেগমেন্ট বাড়িয়ে হাতলটি স্মুথ করতে পারেন।

০৭. এবার এগ হোল্ডারে রাখার জন্য একটি ডিম তৈরী করতে হবে। ডিম তৈরীর জন্য স্পেয়ার টুলটি নিন। স্পেয়ারটির সেগমেন্ট দিন ৩২ এবং ইডিট ম্যাস মডিফায়্যারটি ব্যবহার করুন। এরপর ভার্টেক্স সিলেক্ট করে স্পেয়ারটিকে ডিমের শেপ দিন।

০৮. আমাদের কাপ-পিরিচ সেট তৈরী প্রায় শেষ। তবে আসল কাজ এখনো বাকি। যেকোন থ্রিডি অবজেক্টকে রিয়েলস্টিক করার জন্য প্রয়োজন হয় টেকচার। এই টিউটোরিয়ালটির জন্য আমাদেরকেও টেকচার তৈরী করে প্রয়োগ করতে হবে। এজন্য ফটোশপ ওপেন করুন।

০৯. ১০২৪ × ৫১২ পিক্সেল সাইজের একটি ইমেজ নিন এবং ব্যাকগ্রাউন্ড কালার দিন লাইট ক্রিম (কালার কোড: #ঋ৩উঋউউ)। নতুন একটি লেয়ার নিয়ে কয়েকটি ব্লু স্ট্রিপ তৈরী করুন। এবার এই লেয়ারের উপরে ওয়েভ ফিল্টারটি ব্যবহার করুন।

১০. আবারও নতুন একটি লেয়ার নিন এবং ব্যকগ্রাউন্ড ও ফোর গ্রাউন্ড কালার যথাক্রমে ব্লাক ও হোয়াইট করে ক্লাউড ইফেক্টটি দিন এবং লেয়ার ওপাসিটি ২৫ এবং লেয়ার ব্লেন্ডিং মুড দিন ওভারলি। এবার টেকচারটিকে জেপিজি মুডে সেভ করুন।

১১. এবার কাপটি সিলেক্ট করে ম্যাটেরিয়াল এডিটর থেকে জেপিজি টেকচারটিকে কাপের উপর প্রয়োগ করুন। একইভাবে ডিমটির উপরে ডিমের কালার করে একটি ম্যাটেরিয়াল প্রয়োগ করুন।

১২. এবার লাইটিং এর পালা। আমরা এতক্ষন কাজ করেছিলাম ম্যাক্সের ডিফল্ট লাইট নিয়ে। সমচ্ছ প্রজেক্টটি সুন্দর এবং আকর্ষনীয় করতে প্রয়েজনমত লাইট ব্যবহার করুন (এক্ষেত্রে টিউটোরিয়ালটির মুল ইমেজের সহায়তা নিন)।

১৩. একইভাবে ক্যামেরা সেট করার ক্ষেত্রেও আপনি সম্পুর্ন স্বাধীন। প্রজেক্টটির যে ভিউটি আপনার কাছে সুন্দর মনে হবে সেই ভিউতে ক্যামেরা সেট করে র‌্যান্ডার করুন।

পাঠক, থ্রিডি স্টুডিও ম্যাক্স সংক্রান্ত যেকোন জিজ্ঞাসার প্রয়োজনে মেইল করুন।

ই-মেইল :arafatul@hotmail.com

❏ এ.আই. নয়ন